দৈনিক জনকণ্ঠ

তারিখ APR 27 1999
পৃষ্ঠা 2 কলাম 8

# ছাত্র ইউনিয়নের ২৬তম জাতীয় সম্মেলন শুরু

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ বাংলাদেশ ছাত্র ইউনিয়নের তিন দিনব্যাপী ২৬তম জাতীয় সম্মেলন ও ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী সোমবার শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে সোমবার সকাল ১১টায় সম্মেলনের উদ্বোধন করেন হেনা দাস।

সারা দেশ থেকে জাতীয় সম্মেলন ও প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কয়েক হাজার ছাত্র ইউনিয়ন নেতকর্মী ক্যাম্পাসে এসেছে। সম্মেলনের উদ্বোধনী দিনে ছাত্র ইউনিয়ন ক্যাম্পাস ও মহানগরীর বিভিন্ন এলাকায় বিশাল র‌্যালি বের করে 'সন্ত্রাস, সাম্প্রদায়িকতা ও বৈষম্যমূলক শিক্ষানীতি রুখো'- এ স্লোগানকে সামনে রেখে একুশ শতকের উপযোগী নবতর ধারায় ছাত্র আন্দোলন গড়ে তোলার প্রত্যয় নিয়ে সংগঠনের পুনর্মিলনী অনুষ্ঠান ও সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বেলা ১২টায় ২৬তম জাতীয় সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন হেনা দাস। তিনি বলেন, বর্তমান প্রস্তাবিত শিক্ষানীতিতে ৭২'র সংবিধানের ৪ মূলনীতি উপেক্ষিত হয়েছে। শিক্ষানীতি কমিটি প্রসঙ্গে ক্ষোভ পকাশ করে বলেন, ড. কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনে গণতান্ত্রিক ধারায় মুক্ত চিন্তা নিয়ে কাজ করার সুযোগ ছিল বর্তমান কমিটিতে তা ছিল না। আমলানির্ভর কমিটি জনগণের আকাঙ্ক্ষা পূরণে সঙ্গত কারণেই ব্যর্থ হয়েছে। সম্মেলনের উদ্বোধনী পর্বে আরও বক্তৃতা করেন সংগঠনের বর্তমান কমিটির সভাপতি হাসান হাফিজুর রহমান সোহেল, সাধারণ সম্পাদক মঞ্জুর-এ-খোদা টারিক। উদ্বোধনী পর্ব শেষে শুরু হয় সুদৃশ্য র‌্যালি।